# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৬৬

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩২৬. জমি বর্গা না দেওয়া সম্পর্কে।

## باب فِي التَّشْدِيدِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، حَدَّثَنَا طَارِقُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ وَقَالَ " إِنَّمَا يَزْرَعُ ثَلاَثَةٌ رَجُلٌ لَهُ أَرْضٌ فَهُوَ يَزْرَعُهَا وَرَجُلٌ مُنِحَ أَرْضًا فَهُوَ يَزْرَعُ مَا مُنِحَ وَرَجُلٌ اسْتَكْرَى أَرْضًا بِذَهَبٍ أَوْ فِضَّةٍ " .
قَالَ أَبُو دَاوُدَ قَرَأْتُ عَلَى سَعِيدِ بْنِ يَعْقُوبَ الطَّالْقَانِيِّ قُلْتُ لَهُ حَدَّثَكُمُ ابْنُ الْمُبَارَكِ، عَنْ سَعِيدٍ أَبِي شُجَاعٍ، حَدَّثَنِي عُثْمَانُ بْنُ سَهْلِ بْنِ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ إِنِّي لَيَتِيمٌ فِي حِجْرِ رَافِعِ بْنِ خَدِيجٍ وَحَجَجْتُ مَعَهُ فَجَاءَهُ أَخِي عِمْرَانُ بْنُ سَهْلٍ فَقَالَ أَكْرَيْنَا أَرْضَنَا فُلاَنَةَ بِمِائَتَىْ دِرْهَمٍ فَقَالَ دَعْهُ فَإِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى عَنْ كِرَاءِ الأَرْضِ .

বাংলা

৩৩৬৬. মুসাদ্দাদ (রহঃ) ..... রাফি ইবন খাদীজ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'মুহাকালা' এবং 'মুযাবানা' হতে নিষেধ করেছেন এবং বলেছেনঃ চাষাবাদের পদ্ধতি হল তিন ধরনেরঃ (১) যার জমি আছে, সে নিজে তা চাষাবাদ করবে; (২) অন্যের জমি আর নিয়ে তা চাষাবাদ করবে এবং (৩) সোনা বা রূপার বিনিময়ে জমি নিয়ে তা চাষাবাদ করবে। -সহীহ।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেনঃ আমি সাঈদ ইবন ইয়াকূব তালিকানীকে এটি পড়ে শোনাই। এরপর আমি তাঁকে জিজ্ঞাসা করিঃ আপনার নিকট ইবন মুবারক কি কোন হাদীছ বর্ণনা করেছেন? আমার নিকট সাঈদ ইবন আবূ সুজাঃ উসমান ইবন সাহল ইবন রাফি ইবন খাদীজ (রহঃ) হাদীছ বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি ইয়াতীম ছিলাম এবং রাফি ইবন খাদীজ (রাঃ) আমাকে লালন পালন করেন। আমি তাঁর সঙ্গে হজ্জও আদায় করি। এরপর আমার ভাই ইমরান ইবন সাহল এসে তাঁর কাছে বর্ণনা করেন যে, আমি দু'শত দিরহামের বিনিময়ে আমার জমি অমুক ব্যক্তির নিকট বর্গা দিয়েছি। তখন তিনি বলেনঃ তুমি তোমার জমি ছাড়িয়ে নাও। কেননা, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জমি বন্ধক দিতে নিষেধ করেছেন। -শাজ।

## English

Narrated Rafi' ibn Khadij:

The Messenger of Allah (ﷺ) forbade muhaqalah and muzabanah. Those who cultivate land are three: a man who has (his own) land and he tills it: a man who has been lent land and he tills the one lent to him; a man who employs another man to till land against gold (dinars) or silver (dirhams).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন